

স্মারক নং আটাব/সংবিঃ/সার্কুলার/২০২৪/৪২৯

তারিখঃ- ১০ জুলাই, ২০২৪ খ্রি.


সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বিষয়ঃ- আকর্ষণীয়, অধিক মূল্য ছাড় ও অফারে এয়ার টিকেট ক্রয়ে প্রলুব্ধ হয়ে প্রতারিত না হওয়ার জন্য সতর্কীকরণ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কতিপয় অসাধু চক্র ট্রাভেল এজেন্সীর নামে বিভিন্ন সময়ে ফেইসবুক, সোসাল মিডিয়া সহ ওয়েবসাইটে ১৫% থেকে ২০% আকর্ষণীয় মূল্য ছাড়ে এয়ার টিকেট বিক্রয়ের প্রচার প্রচারণার মাধ্যমে ক্রেতাদের প্রলুব্ধ করেছে। কম মূল্যে বা অধিক ছাড়ের অফারে ক্রয়কৃত টিকেট নিয়ে কোন কোন ক্ষেত্রে যাত্রী এয়ারপোর্টে গিয়ে টিকেটের অস্তিত্ব খুঁজে পান না, রিটার্ন ফ্লাইটের যাওয়ার টিকেট ব্যবহার করতে পারলেও বিদেশ থেকে ফেরত আসার সময় যাত্রীকে না জানিয়েই টিকেট বাতিল বা রিফান্ড করা হচ্ছে। কোন কোন সময় যাত্রী ফ্লাইটের তারিখ পরিবর্তন করতে চাইলে এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত চার্জের চেয়ে অতিরিক্ত চার্জ ও দাবি করা হচ্ছে। এছাড়াও টিকেট রিফান্ড/টাকা ফেরত চাইলে তা প্রদানে অস্বীকার করেছে। প্রকৃতপক্ষে কোন এয়ারলাইন্স কোন সময়ই ১৫% থেকে ২০% ছাড়/কমিশন দেয় না। এছাড়াও কিছু কিছু এজেন্সী ব্যালেন্স টপ-আপে ক্যাশব্যাক অফারের মাধ্যমে টিকেট বিক্রয়ের নামে অধীম অর্থ হাতিয়ে নিচ্ছে। ফলে এসকল অপচর্চা এয়ারলাইন্স ও ট্রাভেল এজেন্সী ব্যবসায়ীদের জন্য হুমকিস্বরূপ। এ ধরনের লোভনীয় মূল্য ছাড়ের বিজ্ঞাপন সমূহ সম্পূর্ণ অযৌক্তিক ও হীন উদ্দেশ্য প্রণোদিত। কোন কোন ক্ষেত্রে এরা কম মূল্যের লোভনীয় টিকেট ও ভ্রমণ প্যাকেজ বিক্রয়ের ফাঁদে ফেলে ভ্রমণপিপাসু যাত্রীসাধারণ, প্রবাসী ও এজেন্টদের থেকে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নিয়ে উধাও হয়ে যায়। “হালট্রিপ” (ওটিএ), “২৪টিকেট ডট কম” (ওটিএ), “লেটস ফ্লাই” নামে ট্রাভেল এজেন্সীগুলো যাত্রীসাধারণের বিপুল পরিমাণ টাকা নিয়ে উধাও হয়েছে।

অতএব, যাত্রীসাধারণ, এজেন্সী ও সংশ্লিষ্ট সকলকে এয়ার টিকেট, ভ্রমণ প্যাকেজ ক্রয়ের ক্ষেত্রে পূর্ণ সতর্কতা অবলম্বন করা সহ আকর্ষণীয় মূল্যছাড় ও লোভনীয় প্যাকেজ এর ফাঁদে পা না দিয়ে প্রতিষ্ঠিত, বৈধ লাইসেন্সধারী ট্রাভেল এজেন্সীদের নিকট থেকে উপর্যুক্ত মূল্য যাচাইপূর্বক প্রয়োজনীয় সেবা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



আফিয়া জান্নাত সাহেহ
মহাসচিব, আটাব।